

**প্রশ্ন : পুরুষ কাকে বলে? এর শ্রেণীবিভাগগুলি আলোচনা কর।**

**পুরুষ :**

'পুরুষ' শব্দের অর্থ 'ক্রিয়ার আশ্রয়'। ব্যাকরণে পুরুষ বলতে পুরুষ জাতীয় প্রাণীকে বোঝায় না। পুরুষ শব্দটি ব্যাকরণে একটি বিশেষ অর্থ বহন করে। ক্রিয়ার কর্তা ও কর্মের বিশেষ ভাব রূপকেই পুরুষ বলে। বিশেষ্য ও সর্বনামের ক্ষেত্রেই কেবল পুরুষ হয়।

**শ্রেণীবিভাগ :** বাংলা ভাষায় পুরুষ তিন প্রকার। যথা-

ক. উত্তম পুরুষ (First person) : বক্তা নিজেকে বোঝাতে যে সমস্ত সর্বনাম পদ ব্যবহার করেন তাই হল উত্তম পুরুষ। উদাহরণ- আমি, আমরা ইত্যাদি।

খ. মধ্যম পুরুষ (Second person) যে শ্রোতা বা যাকে উদ্দেশ্য করে বক্তা বলে, তাকে মধ্যম পুরুষ বলে। এই পুরুষে বক্তা সামনে উপস্থিত থেকে শ্রোতাকে বলে। যেমন- তুমি, তোমরা, আপনি, আপনারা, তুই, তোরা প্রভৃতি।

গ. প্রথম পুরুষ (Third person) বক্তাও নয়, শ্রোতাও নয়, অন্য কোন অনুপস্থিত ব্যক্তির স্বরূপ বোঝাতে যে পুরুষ ব্যবহার করা হয়, তাকে প্রথম পুরুষ বলে। উদাহরণ-সে, তার, তিনি, যিনি, তাঁরা ইত্যাদি।